

মি. অফিস
Guidance no.
৩০২০
১২/০৪/২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
শিক্ষা ও কল্যাণ শাখা
www.sirajganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮০০.০০০.০০৮.৩৩.০০০৫.২৬.১১৪

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান এবং প্রাথমিক বৃত্তি পরীক্ষার দিন পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহৃত
বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম চালু রাখা সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যথাক্রমে আগামী ১৫ ও ২১ এপ্রিল, ২০২৬ তারিখ হতে প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা ২০২৬ আরম্ভ হবে। ইতোপূর্বে লক্ষ্য করা গেছে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রাথমিক বৃত্তি পরীক্ষা এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষা শুরু থেকে শেষ পর্যন্ত শ্রেণি কার্যক্রম স্থগিত রাখা হয়। যার ফলশ্রুতিতে শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম ব্যাহত হয় এবং শিক্ষাবর্ষের নির্ধারিত সময়ে মধ্যে শিক্ষার্থীদের সিলেবাস সম্পন্ন করা সম্ভব হয় না। পরীক্ষা পরবর্তী সময়ে কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের ওপর অতিরিক্ত চাপের সৃষ্টি করে যা তার সুস্থ বিকাশের অন্তরায়।

২। এমতাবস্থায়, শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম অব্যাহত রাখার দ্বার্তে প্রাথমিক বৃত্তি পরীক্ষা- ২০২৫ ও মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পরীক্ষার দিন দুপুর ০২.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত এবং পরীক্ষার দিন ব্যতীত সপ্তাহিক শ্রেণি কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট স্কুলকে নির্দেশ প্রদান করা হলো।

০৮-০৪-২০২৬
মোঃ আমিনুল ইসলাম
জেলা প্রশাসক, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
www.seo.kazipur.sirajganj.gov.bd

স্মারক নং: উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৬/৬২

তারিখ: ১২/০৪/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে উল্লেখিত নির্দেশনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক/সুপার
....., স্কুল, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান
কাজিপুর, সিরাজগঞ্জ।

(মোঃ অকমাল আলী)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।